

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৯১

আরবি মূল আয়াত:

فَرَاغَ إِلَى إِلِهِتِهِمْ فَقَالَ أَلَا تَأْكُلُونَ ﴿٩١﴾

অনুবাদসমূহ:

তারপর চুপে চুপে সে তাদের দেবতাদের কাছে গেল এবং বলল, ‘তোমরা কি খাবে না?’ — আল-বায়ান

তারপর সে চুপে চুপে তাদের উপাস্যদের কাছে ঢুকে পড়ল আর বলল, (আপনাদের সম্মুখে রাখা এত উপাদেয় খাবার) আপনারা খাচ্ছেন না কেন? — তাইসিরুল

পরে সে সন্তর্পণে তাদের দেবতাগুলির নিকট গেল এবং বললঃ তোমরা খাদ্য গ্রহণ করছ না কেন? — মুজিবুর রহমান

Then he turned to their gods and said, "Do you not eat? — Sahih International

৯১. পরে তিনি চুপিচুপি তাদের দেবতাগুলোর কাছে গেলেন এবং বললেন, তোমরা খাদ্য গ্রহণ করছ না কেন?

তাফসীরে জাকারিয়া

(৯১) পরে সে সংগোপনে ওদের দেবতাগুলির নিকট গেল এবং বলল, ‘তোমরা খাচ্ছ না কেন? [1]

[1] অর্থাৎ, তাবারুক অর্জনের নিমিত্তে নিয়ে যাওয়া যে সকল মিষ্টান্ন সেখানে পড়ে ছিল, তিনি তাদেরকে খাওয়ার জন্য দিলেন। আর এ কথা স্পষ্ট যে, তাদের না খাওয়ার দরকার ছিল, আর না তারা খেয়েছিল; বরং তাদের উত্তর দেওয়ারও ক্ষমতা ছিল না, ফলে কোন উত্তরও দিল না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3879>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন